

গজারিয়া উপজেলা পরিষদ
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক (স্থায়ী) কমিটি
গজারিয়া, মুন্সিগঞ্জ।

গজারিয়া উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক (স্থায়ী) কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব খাদিজা আক্তার

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গজারিয়া

তারিখঃ ০৯.০২.২০২২, সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল) এর কার্যালয়

উপস্থিত সদ্যদের তালিকা :-

ক্রঃ নং	নাম ও পদবী	অবস্থান	স্বাক্ষর
০১	জনাব খাদিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া	সভাপতি	স্বাক্ষরিত/-
০২	জনাব মোঃ আতাউর রহমান নেকী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া	সদস্য	স্বাক্ষরিত/-
০৩	জনাব মোঃ শফিউল্লাহ, চেয়ারম্যান, গজারিয়া ইউপি, গজারিয়া	সদস্য	স্বাক্ষরিত/-
০৪	জনাব মোঃ কামরুল হাছান, চেয়ারম্যান, টেংগারচর ইউপি, গজারিয়া	সদস্য	স্বাক্ষরিত/-
০৫	জনাব মোঃ হাফিজুজামান জিতু, চেয়ারম্যান, ইমামপুর ইউপি, গজারিয়া	সদস্য	স্বাক্ষরিত/-
০৬	জনাব মোঃ নাজমুল হাছান, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গজারিয়া	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিবকে আজকের সভার আলোচ্যসূচী অনুযায়ী বক্তব্য উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। কমিটির সদস্য সচিব ও উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌশল) সভায় আলোচ্য সূচী উপস্থাপন করেন।

আলোচ্য সূচী :-

- ০১। বিগত মাসের কার্যবিবরণী পাঠ কার্যক্রম পর্যালোচনা।
- ০২। গজারিয়া উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কার্যক্রম পর্যালোচনা।
- ০৩। বিবিধ।

আলোচ্য সূচী ০১ :

আলোচনা উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়।

সিদ্ধান্ত বিগত মাসের কার্যবিবরণী সর্বসম্মতভাবে পাশ করা হয়।

আলোচ্য সূচী ০২ :

আলোচনা সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল জানান যে, বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০৮ টি নলকূপের সাধারণ বরাদ্দ পাওয়া যায়। তবে বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সাবমারাসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের কাজ চলমান।


সিদ্ধান্ত সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলকে উক্ত কর্মসূচীর আওতায় নির্মাণ কাজ সমূহ গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

Handwritten signature

৩. বিবিধ :

- ১.১ আলোচনা: জনাব মোঃ শফিউল্লাহ, চেয়ারম্যান, গজারিয়া ইউপি, গজারিয়া, জানান যে, গজারিয়া ইউনিয়নে শুষ্ক মৌসুমে সুপেয় পানির সমস্যা প্রকট হয়। তাই জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে প্রয়োজনীয় নলকূপের বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়।
- ১.২ সিদ্ধান্ত: প্রয়োজনীয় নলকূপের বরাদ্দ প্রদানে উপজেলা পরিষদ / সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের প্রতি আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জনাব খাদিজা আক্তার)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক (স্থায়ী) কমিটি
গজারিয়া, মুন্সিগঞ্জ।

স্মারক নং- ১৬৬

তাং- ০৯.০২.২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

- ০১। জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সিগঞ্জ।
০৫। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া।
০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ।



(মোঃ নাজমুল হাসান)

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক (স্থায়ী) কমিটি
গজারিয়া, মুন্সিগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
গজারিয়া, মুন্সিগঞ্জ

স্মারক নং- ১৬৮

তারিখ : ০৩.০২.২০২২


সভার নোটিশ

গজারিয়া উপজেলা পরিষদের জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক (স্থায়ী) কমিটির সভা আগামী ০৯.০২.২০২২, তারিখ সকাল ১১:০০ টায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসে অনুষ্ঠিত হবে।

সভায় সম্মানিত সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী :-

- ০১। বিগত মাসের কার্যবিবরণী পাঠ কার্যক্রম পর্যালোচনা।
- ০২। গজারিয়া জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কার্যক্রম পর্যালোচনা।
- ০৩। বিবিধ।



(মোঃ নাজমুল হাছান)

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষক (স্থায়ী) কমিটি
গজারিয়া, মুন্সিগঞ্জ।

জনাব/ বেগম